অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/16/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো পানির মান সংরক্ষণ প্রকল্পের সমর্থনে প্রায় 15 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল ঘোষণা করেছেন

রাজ্য জুড়ে 147টি কৃষি প্রকল্পের জন্য অর্থ প্রদান করা হয়েছে যা কৃষকদের অগ্রাধিকারযুক্ত ওয়াটারশেডের পানির মানের চ্যালেঞ্জের মোকাবিলা করার জন্য সাহায্য করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে স্টেট জুড়ে কৃষি কাজের পানির গুণগত মান সংরক্ষণ প্রকল্পের জন্য প্রায় 15 মিলিয়ন মার্কিন ডলার মঞ্জুর করা হয়েছে যা 147টি ফার্মকে সুবিধা দেবে। এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রামের (Agricultural Nonpoint Source Abatement and Control program) মাধ্যমে এই তহবিল প্রদান করা হচ্ছে, যা অগ্রাধিকার জলাশয়ে পানির গুণগত মানের চ্যালেঞ্জ মোকাবেলা এবং পরিবেশ রক্ষা করা প্রকল্পকে সমর্থন করে।

"নিউ ইয়র্ক আমাদের প্রাকৃতিক সম্পদ রক্ষাকারী প্রকল্প সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং যা আমাদের উচ্চাভিলাষী পরিচ্ছন্ন শক্তি এবং জলবায়ু লক্ষ্যকে আরও এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে," গভর্নর কুওমো বলেন। "একই সাথে কৃষির ভবিষ্যৎ নিশ্চিত করার পাশাপাশি নিউ ইয়র্কের কৃষকরা আমাদের এই লক্ষ্য অর্জনে সাহায্য করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই কর্মসূচী আমাদের কৃষকদের আমাদের জলপথ রক্ষার জন্য খরচ সাপেক্ষ পদ্ধতি ব্যবহার করতে সাহায্য করে যাতে তারা বিশ্বের সেরা কিছু পণ্য উৎপাদন চালিয়ে যেতে পারে।"

অর্থপ্রাপ্ত 147টি প্রকল্প যা 26টি পানি সংরক্ষণ জেলায় পুরস্কৃত করা হয়েছে তা অন-ফার্ম পরিবেশগত পরিকল্পনা এবং সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলন সিস্টেম বাস্তবায়ন করবে যা পুষ্টি এবং অন্যান্য সম্ভাব্য দূষণকারী পদার্থ জলপথে প্রবেশ করা প্রতিরোধ করবে। BMP-র মধ্যে রয়েছে, উদ্ভিদজাত বাফার সহ বিভিন্ন ধরনের ব্যবস্থা, যেমন, জলপ্রবাহ, কভার ক্রপ, সার সঞ্চয়ের মাধ্যমে পুষ্টি ব্যবস্থাপনা, অন্যান্য সংরক্ষণ ব্যবস্থা।

এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রাম (কৃষি কাজে দূষণের অনির্দিষ্ট স্থানের উৎস হ্রাস এবং নিয়ন্ত্রণ কর্মসূচি) - এর জন্য অনুদানের 26 দফার অর্থ মঞ্জুর করা হয়েছে:

- **নর্থ কান্ট্রি:** 11টি খামারের জন্য 1,633,847 মার্কিন ডলার

- **সেন্ট্রাল নিউ ইয়র্ক:** 33টি খামারের জন্য 1,976,058 মার্কিন ডলার
- **ফিঙ্গার লেকস:** 52টি খামারের জন্য 4,016,319 মার্কিন ডলার
- **পশ্চিম নিউ ইয়র্ক:** পাঁচটি খামারের জন্য 1,245,674 মার্কিন ডলার
- **ক্যাপিটাল রিজিয়ন:** তিনটি খামারের জন্য 833,260 মার্কিন ডলার
- **মোহক ভ্যালি:** তিনটি খামারের জন্য 1,102,361 মার্কিন ডলার
- **সাউদার্ন টিয়ার:** 13টি খামারের জন্য 3,811,188 মার্কিন ডলার
- **লং আইল্যান্ড:** 27টি খামারের জন্য 341,625 মার্কিন ডলার

পুরস্কৃত প্রকল্পের একটি সম্পূর্ণ তালিকার জন্য, কৃষি বিভাগের ওয়েবসাইট পরিদর্শন করুন।

গত 25 বছর ধরে, নিউ ইয়র্ক স্টেট 500টি পৃথক ওয়াটারশেডের প্রকল্পকে সহায়তা প্রদান করেছে, যার মধ্যে রয়েছে পরিবেশের উপকার করে এবং কৃষিক্ষেত্রের কার্যকারিতা বৃদ্ধি করে এমন কৃষিক্ষেত্রগুলিকে পুষ্টির সরবরাহ এবং শস্যের পুষ্টির চাহিদার মধ্যে সামঞ্জস্য রাখতে সক্রিয়ভাবে সহায়তা করার জন্য 1,300টি সার সংরক্ষণ প্রকল্প। পুষ্টি ও পলল ফিল্টার করতে, ভূপৃষ্ঠের জল সংরক্ষণ, নদীর পারগুলিকে স্থিতিশীল করা, জলজ আবাসভূমির উন্নয়ন এবং বন্যার প্রভাব হ্রাস করতে, 800 একরের নদী তীরবর্তী বাফার তৈরি করা হয়েছে।

উপরন্তু, ভূমিক্ষয় প্রতিরোধ করতে, মাটির স্বাস্থ্য উন্নত করতে এবং ফসল উৎপাদনের সময়কালে শস্যের চাহিদা অনুযায়ী আরও জল ধরে রাখতে মাটিতে জৈব পদার্থ বৃদ্ধি করার জন্য 50,000 একরেরও বেশি জমিতে মাটি সংরক্ষণকারী গাছপালা রোপন করা হয়েছে। কভার ক্রপ এছাড়াও কার্বন পৃথকীকরণ করে, যা নিউ ইয়র্কের চাষীদের জলবায়ু পরিবর্তনের সাথে যুদ্ধ করতে সাহায্য করে। এই প্রোগ্রামের 26 নং রাউন্ডের মাধ্যমে প্রায় 38,000 একর কভার ফসল বাস্তবায়ন করা হবে, যা এই কর্মসূচীর মাধ্যমে বাস্তবায়িত আমাদের মোট কভার ফসলের প্রায় দ্বিগুণ।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমি গর্বিত যে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় রাষ্ট্র যে কাজ করছে, তাতে কৃষি টেবিলে রয়েছে, যার মধ্যে রয়েছে মাটির স্বাস্থ্য রক্ষা এবং পানির মান সংরক্ষণের জন্য কাজ করা। ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) অংশ হিসেবে এগ্রিকালচার অ্যান্ড ফরেস্ট্রি অ্যাডভাইজরি প্যানেলে (Agriculture and Forestry Advisory Panel) আমাদের অংশগ্রহণ থেকে শুরু করে আমরা যেসব কর্মসূচী পরিচালনা করি তা আমাদের কৃষকদের তাদের পরিবেশগত ফুটপ্রিন্ট কমাতে এবং ভূমিকে উন্নত রেখে যেতে সাহায্য করে, ডিপার্টমেন্ট রাষ্ট্রকে সবচেয়ে আগ্রাসী পরিচ্ছন্ন জ্বালানী এজেন্ডা অর্জনে সাহায্য করতে এবং আমাদের সবচেয়ে মূল্যবান সম্পদ রক্ষা করতে তার লক্ষ্যে প্রতিশ্রুতিবদ্ধ।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার, বেসিল সেগোস বলেন, "বিশুদ্ধ পানিতে নিউ ইয়র্ক স্টেটের রেকর্ড বিনিয়োগ কৃষি শিল্পের মত গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালকদের সমর্থন করে যাচ্ছে যেহেতু আমরা পানির মান এবং মাটির স্বাস্থ্য উন্নয়নে একসাথে কাজ করছি এবং জলবায়ু পরিবর্তনে অবদানকারী সমস্যার মোকাবেলা করছি। এই তহবিল

পানিকে রক্ষা করে এমন এজেন্সি এবং অঞ্চল জুড়ে আমাদের প্রচেষ্টাকে শক্তিশালী করতে সাহায্য করবে এবং কৃষকদের আরো টেকসই অপারেশন উন্নয়নে সহায়তা প্রদান করবে।"

নিউ ইয়র্ক মাটি এবং জল সংরক্ষণ (সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন) কমিটির চেয়ারম্যান ডেল স্টেন বলেছেন, "নিউ ইয়র্কের কৃষকরা আমাদের প্রাকৃতিক সম্পদ রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ, যে মাটি থেকে আমরা আমাদের ফসল উৎপাদন করি তা থেকে শুরু করে কমিউনিটি জলপথ পর্যন্ত। কৃষি সম্প্রদায় কভার ফসল, গাছপালা বাফার এবং পুষ্টি ব্যবস্থাপনা সহ বিভিন্ন সর্বোত্তম ব্যবস্থাপনা অনুশীলন বাস্তবায়নের প্রচেষ্টায় গর্ব বোধ করে, যার সবগুলোই পানির মান সংরক্ষণে এক অবিশ্বাস্য প্রভাব ফেলেছে। রাষ্ট্রেরএগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রাম এই প্রচেষ্টাকে সমর্থন করে এবং বৃহত্তর সংখ্যক কৃষককে এই পদক্ষেপগুলি প্রয়োগ করার সুযোগ দেয় যখন আমরা পরিবেশ রক্ষায় কাজ করছি।"

সিনেট এগ্রিকালচার (Senate Agriculture) এর চেয়ারম্যান মিশেল হিনচি বলেন, "আমাদের কৃষকদের চেয়ে পৃথিবীর কাছাকাছি কেউ নেই যারা স্বাস্থ্যকর, স্থানীয় খাদ্য উৎপাদনের জন্য আমাদের মাটি এবং পানি সম্পদ রক্ষার জন্য অবিশ্বাস্য পরিশ্রম করে। সিনেট কৃষি কমিটির চেয়ারম্যান হিসেবে, আমি রোমাঞ্চিত যে নিউ ইয়র্ক রাজ্যের কৃষকরা এই গুরুত্বপূর্ণ তহবিলে প্রবেশাধিকার পাবে যাতে তারা আমাদের জমি এবং জলপথ পরিষ্কার এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য নিরাপদ রাখার পাশাপাশি আমাদের সম্প্রদায়কে খাওয়ানোর গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যেতে পারে।"

অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্দো, কমিটি অন এগ্রিকালচারের সভাপতি, বলেছেন, "খামারে পানির গুণগত মান সংরক্ষণ প্রচেষ্টায় বিনিয়োগ রাষ্ট্রের সামগ্রিক জলবায়ু লক্ষ্যমাত্রায় পৌঁছানোর জন্য গুরুত্বপূর্ণ। উন্নত পানি ব্যবস্থাপনা এবং প্রশমন আরো টেকসই কৃষি অনুশীলন, স্বাস্থ্যকর মাটি তৈরি এবং গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাসের ভিত্তি। নিউ ইয়র্কের কৃষকরা জলবায়ু পরিবর্তন মোকাবেলায় গুরুত্বপূর্ণ অংশীদার এবং এই সাম্প্রতিক দফায় অনুদান আমাদের পরিবেশ রক্ষায় তারা যে অগ্রগতি করেছে তা অব্যাহত রাখবে।"

নিউ ইয়র্ক স্টেট মাটি ও পানি সংরক্ষণ কমিটির (New York State Soil and Water Conservation Committee) সঙ্গে সমন্বয় রেখে নিউ ইয়র্কের কৃষি ও বাজার বিভাগ (New York Department of Agriculture and Markets) এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রামের কথা জানায়। এই কর্মসূচিটি এগ্রিকালচারাল এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট (Agricultural Environmental Management, AEM) পরিকাঠামোর একটি অংশ হিসেবে কাজ করে, যা কৃষকদের পরিবেশগত তত্ত্বাবধানের উচ্চতর মাত্রা এবং অধিক দক্ষ, ও সাশ্রয়ী কৃষিকাজের পদ্ধতি অর্জন করার ক্ষেত্রে সহায়তা করার জন্য এক ব্যাপক ও বিস্তৃত প্রয়াস।

এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রাম পানির গুণগত মান সুরক্ষা প্রদানের জন্য গভর্নরের ঐতিহাসিক প্রচেষ্টার উপর ভিত্তি করে গড়ে উঠেছে, যার মধ্যে রয়েছে রাষ্ট্রের অভূতপূর্ব 3.5 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি যাতে সকল নিউ ইয়র্কবাসী বিশুদ্ধ পানি

পেতে পারে। উপরন্তু, গভর্নর কুওমোর HABs ইনিশিয়েটিভ রাজ্য জুড়ে শৈবাল প্রস্ফুটনের ফ্রিকোয়েন্সি কমাতে প্রকল্পের জন্য 187 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন